হোস্টেল থেকে গাজী নজরুলের দ্বিতীয় স্ত্রীর ঝুলন্ত মরদেহ উদ্ধার



ছবি: সংগৃহীত

রাজধানীর ন্যাম ভবনের একটি ফ্ল্যাট থেকে সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামের দ্বিতীয় স্ত্রী মরিয়ম খাতুনের (১৯) ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়েছে।

রোববার (২০ সেপ্টেম্বর) শেরেবাংলা নগর থানার আওতাধীন এমপিদের সরকারি আবাসন ন্যাম ভবনের ৫ নম্বর ভবনের তৃতীয় তলার একটি ফ্ল্যাটে গলায় ফাঁস দেওয়া অবস্থায় মরিয়মের মরদেহ পাওয়া যায়। খবর পেয়ে ঘটনাস্থলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা পৌঁছেছেন।

মরিয়ম খাতুনকে ঘিরে এর আগে সামাজিক যোগাযোগমাধ্যমে আলোচনার সৃষ্টি হয়েছিল। গত জুলাইয়ে গাজী নজরুল ইসলামের সঙ্গে এক তরুণীর 'ব্যক্তিগত মুহূর্তের' একটি ভিডিও ছড়িয়ে পড়ে। পরে ওই তরুণীই মরিয়ম খাতুন বলে পরিচয় প্রকাশ পায়।

ভিডিও ছড়িয়ে পড়ার পর গাজী নজরুল ইসলাম ওই তরুণীকে নিজের দ্বিতীয় স্ত্রী হিসেবে পরিচয় দেন বলে জানা যায়। বিষয়টি নিয়ে তখন ব্যাপক আলোচনা হয়।

এরপর নৈতিক স্খলনের অভিযোগে বাংলাদেশ জামায়াতে ইসলামী গাজী নজরুল ইসলামকে দল থেকে বহিষ্কার করে। দলটির পক্ষ থেকে বহিষ্কারের সিদ্ধান্তের বিষয়টি জানানো হয়েছিল।